

7860 - একজন মুসলিম কখন থেকে শাওয়ালের ছয় রোযা রাখা শুরু করবে

প্রশ্ন

আমি শাওয়ালের ছয় রোযা রাখা কখন শুরু করতে পারি; যেহেতু এখন আমাদের বাৎসরিক ছুটি যাচ্ছে।

প্রিয় উত্তর

শাওয়াল মাসের দ্বিতীয় দিন থেকে ছয় রোযা রাখা শুরু করা যায়। কেননা ঈদের দিন রোযা রাখা হারাম। আপনি চাইলে শাওয়াল মাসের যে কোন দিনসমূহে ছয় রোযা রাখতে পারেন। তবে, নেকীর কাজ অবিলম্বে করা উত্তম।

স্থায়ী কমিটির কাছে নিম্নোক্ত প্রশ্নটি এসেছে:

ছয় রোযা কি রমযানের পর ঈদের দিনের অব্যবহিত পরেই শুরু করা আবশ্যিক; নাকি ঈদের কয়েকদিন পর শাওয়াল মাসে লাগাতরভাবে রাখাও জায়েয; নাকি জায়েয নয়?

জবাবে তাঁরা বলেন: ঈদের দিনের অব্যবহিত পরেই ছয় রোযা রাখা আবশ্যিকীয় নয়। বরং ঈদের একদিন পর কিংবা কয়েক দিন পর শুরু করাও জায়েয। লাগাতরভাবে রাখা বা ভেঙ্গে ভেঙ্গে রাখা; যেভাবে সুবিধা হয় সেভাবে রাখা জায়েয। এ বিষয়টি প্রশস্ত। এটি ফরয রোযা নয়; বরং সুন্নত রোযা।

আল্লাহ্‌ই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাহাবীবর্গের উপর আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।